

Times Today BD

মো. নাঈম | দেশজুড়ে | 06 July, 2025

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে দেশব্যাপী চলমান বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে ঝালকাঠির কাঁঠালিয়ায় বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৫ জুলাই) বিকাল ৩টায় সরকারি তোফাজ্জল হোসেন মানিক মিয়া ডিগ্রি কলেজ মাঠে এ কর্মসূচির আয়োজন করে কলেজ ছাত্রদল। কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক, ঝালকাঠি জেলা বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক ও ঝালকাঠি-১ (রাজাপুর-কাঁঠালিয়া) আসনের বিএনপি নেতা গোলাম আজম সৈকত।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাঁঠালিয়া উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি মিজানুর রহমান আকন, উপজেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও শৌলজালিয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ফজলুর রহমান ফুল, ছাত্রদল কাঁঠালিয়া উপজেলার আহ্বায়ক কমিটির নেতা হেলাল জোমাদ্দার, কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি সাইফুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক সিয়াম হোসেন, কলেজ ছাত্রদলের বর্তমান সাধারণ সম্পাদক খালেদ মাহমুদ অন্তর এবং সিনিয়র সহসভাপতি হাসিবুর রহমানসহ কলেজ ছাত্রদলের নেতৃবৃন্দ।

কর্মসূচিতে বক্তারা বলেন, “পরিবেশ রক্ষা ও সবুজ বাংলার স্বপ্ন বাস্তবায়নে বিএনপি ও ছাত্রদল সবসময়ই অগ্রণী ভূমিকা পালন করে আসছে। দেশের প্রতিটি এলাকায় এ ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে।”

বিএনপি তারেক রহমান বৃক্ষরোপণ কর্মসূচি ঝালকাঠি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:11

URL: <https://timestodaybd.com/public/across-the-country/7758074276>